

একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-২৯/২০০৭-৯২৯

তারিখ : ১২ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।
২৭ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ সদস্য, জনাব মোঃ আব্দুল করিম প্রতিবন্ধী ভাতা গ্রহীতার নিকট থেকে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা করে ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা অবৈধভাবে গ্রহণ করেছেন।

যেহেতু, প্রতিবন্ধী ভাতা গ্রহীতার নিকট থেকে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা করে ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা অবৈধভাবে গ্রহণ করায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-২৯/২০০৭-৯২৯

তারিখ : ১২ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ।
২৭ অক্টোবর, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ আব্দুল করিম, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব